

সারাদেশ

খাল খনন শেষে রাষ্ট্রীয় কোষাগারে ফেরত দিলো ২৮ লাখ টাকা, প্রশংসায় ভাসছেন ইউএনও

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুরে দুটি খাল পুনঃখনন প্রকল্প বাস্তবায়নের পর উদ্ধৃত প্রায় ২৮ লাখ টাকা রাষ্ট্রীয় কোষাগারে ফেরত দিয়ে প্রশংসায় ভাসছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. তারিকুল ইসলাম। গতকাল মঙ্গলবার ইউএনওর নির্দেশনায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এই অর্থ সরকারি কোষাগারে জমা দেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, প্রকল্পের আওতায় প্রায় ২৫ লাখ ৮০ হাজার টাকা ব্যয়ে ৭৫০ মিটার দীর্ঘ কাটাখালী (কুমাইরা) খাল এবং ৩১ লাখ টাকা প্রাক্কলিত ব্যয়ে তেজখালী ইউনিয়নের ১.২০ কিলোমিটার দীর্ঘ লটিয়ার খাল পুনঃখননের উদ্যোগ নেওয়া হয়। গত ২৫ এপ্রিল স্থানীয় সংসদ সদস্য ও পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি প্রকল্প দুটির উদ্বোধন করেছিলেন।

প্রকল্প দুটি বাস্তবায়নে মোট খরচ হয়েছে ২৮ লাখ ৭৮ হাজার ২৩৮ টাকা। ফলে বরাদ্দ থেকে অতিরিক্ত ২৭ লাখ ৯৫ হাজার ৩১ টাকা উদ্ধৃত থাকে, যা যথারীতি সরকারি কোষাগারে ফেরত পাঠানো হয়।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ মিজানুর রহমান জানান, সরকারি নির্দেশনা অনুযায়ী দুটি স্থানে মোট ১.৯০ কিলোমিটার খাল গড়ে ৭ থেকে ৮ ফুট গভীর এবং ৩০ থেকে ৪০ ফুট চওড়া করে পুনঃখনন করা হয়েছে। সেই সঙ্গে খালের সৌন্দর্য ও পরিবেশ রক্ষায় একটি খালের পাড়ে বিভিন্ন প্রজাতির ২২০টি গাছের চারা রোপণ করা হয়েছে।

এ বিষয়ে ইউএনও মো. তারিকুল ইসলাম বলেন, খাল খনন প্রধানমন্ত্রীর একটি বিশেষ অগ্রাধিকার প্রকল্প। বাঞ্ছারামপুরের একটি খালের কাজ নকশা অনুযায়ী শতভাগ শেষ হয়েছে। তবে অন্য খালটির কাজ প্রতিকূল আবহাওয়ার কারণে নির্ধারিত সময়ে সম্পূর্ণ করা সম্ভব হয়নি। তাই কাজের সার্বিক হিসাব শেষে অবশিষ্ট অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দেওয়া হয়েছে।

স্বচ্ছতা ও নিষ্ঠার সাথে প্রকল্প শেষ করে সরকারি টাকা কোষাগারে ফেরত দেওয়ায় স্থানীয় বাসিন্দা ও সুশীল সমাজের প্রতিনিধিরা ইউএনও এবং প্রকল্প সংশ্লিষ্টদের প্রশংসায় ভাসিয়েছেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাসায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২.২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

<https://dhakaprobe.com/saradesh/khal-khnn-sheshe-rashtriy-koshagare-fert-dilo-28-lakh-taka-prshngsay-bhaschhen-iueno>